



ক্লাইভ-মীর জাফর আর আমেরিকা-ইউনুস চুক্তি একই: ফজলুর রহমান



ফজলুর রহমান। ছবি: সংগৃহীত

কিশোরগঞ্জ-৪ আসনের সংসদ সদস্য ও বীর মুক্তিযোদ্ধা অ্যাডভোকেট ফজলুর রহমান বলেছেন, ইতিহাসের আলোকে বর্তমান কিছু আন্তর্জাতিক সমঝোতা নিয়ে দেশের মানুষকে সতর্ক থাকতে হবে। তার দাবি, রবার্ট ক্লাইভ ও মীর জাফরের চুক্তির মতোই দেশের স্বার্থবিরোধী কোনো চুক্তি ভবিষ্যতে নেতিবাচক প্রভাব ফেলতে পারে।

সম্প্রতি ইউটিউবভিত্তিক ‘মানচিত্র’ চ্যানেলে প্রকাশিত এক আলোচনায় তিনি এসব মন্তব্য করেন। সেখানে তিনি বলেন, দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার প্রশ্নে রাজনৈতিক দলগুলোর দৃঢ় অবস্থান নেওয়া প্রয়োজন।

ফজলুর রহমান বলেন, ১৭৫৭ সালের পলাশীর যুদ্ধের পর বাংলার রাজনৈতিক বাস্তবতায় যে পরিবর্তন এসেছিল, তা জাতির জন্য দীর্ঘমেয়াদি ক্ষতির কারণ হয়ে দাঁড়ায়। বর্তমান সময়ের আন্তর্জাতিক সমঝোতাগুলো সম্পর্কেও জনগণকে সচেতন থাকার আহ্বান জানান তিনি।

তিনি আরও বলেন, অতীতে আওয়ামী লীগ যেসব ভুল ও অন্যায্য করেছে, ভবিষ্যতে অন্য কোনো দল একই পথে হাঁটলে তাদেরও একই ধরনের পরিণতির মুখোমুখি হতে হবে। জনগণ শেষ পর্যন্ত অন্যায্যের বিচার করবেই বলেও মন্তব্য করেন তিনি।

বিএনপির এই নেতা পাকিস্তানের সঙ্গে অতিরিক্ত ঘনিষ্ঠতার বিরুদ্ধেও মত দেন। তার দাবি, এ ধরনের সম্পর্ক বাংলাদেশের অগ্রযাত্রাকে বাধাগ্রস্ত করতে পারে এবং দেশকে পিছনের দিকে ঠেলে দিতে পারে।

ফজলুর রহমান বলেন, সাম্প্রদায়িক মনোভাবকে রাজনৈতিকভাবে ব্যবহার করার প্রবণতা দেশের জন্য ক্ষতিকর। জনগণকে বিভ্রান্ত না করে মুক্তিযুদ্ধের চেতনা ও জাতীয় স্বার্থকে প্রাধান্য দেওয়ার আহ্বান জানান তিনি।